উত্তম চর্চা

(Best Practice)

বিষয়ক প্রতিবেদন




নদী গবেষণা ইনস্টিটিউট, ফরিদপুর

পানি সম্পদ মন্ত্রনালয়

নদী গবেষণা ইনস্টিটিউট, ফরিদপুর এ অনুশীলনকৃত উত্তম চর্চাসমূহের শিরোনাম

- নিয়োমিতভাবে নীতি ও উন্নয়ন পর্যালোচনা সভা পরিচালনা
- পরিবেশবান্ধব (Environmental Friendly) অফিস কক্ষ
- নগই'র লাইব্রেরি ও তথ্যকেন্দ্র
- ক্লোজ সার্কিট ক্যামেরা পদ্ধতি প্রবর্তনের মাধ্যমে সার্বিক নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা।
- নগই'র সকল কর্মকর্তা/কর্মচারীর হাজিরা ডিজিটাল ডিভাইসের মাধ্যমে গ্রহণ।

**শিরোনাম:** নিয়োমিতভাবে নীতি ও উন্নয়ন পর্যালোচনা সভা পরিচালনা

**বিবরণ:** নগই'র এর অন্যতম কাজ হলো - নদী শাসন, নদী ভাংগন রোধ, বন্যা নিয়ন্ত্রণ, সেচ এবং পানি নিষ্কাশনের ক্ষেত্রে সমস্যাসমূহের লাগসই সমাধানের জন্য প্রযুক্তিগত পরামর্শ সেবা প্রদান করা। এ প্রেক্ষিতে মাসিক সমন্বয় সভার পাশাপাশি নিয়োমিত নীতি ও উন্নয়ন পর্যালোচনা সভার আয়োজন করা হয়। এ সভায় জতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে গৃহীত/চলমান/বাস্তবায়িত পানি সম্পদ সংক্রান্ত গুরুত্বপূর্ণ বিষয়াদি পর্যালোচনরা এবং সেই আলোকে নদী গবেষণা ইনস্টিটিউটের করনীয় নির্ধারণ করা। পানি সম্পদের বিজ্ঞান ভিত্তিক ব্যবহার ও সংরক্ষন লক্ষ্যে এবং নদীকে প্রবাহমান রাখা, ভূ-পরিস্থ এবং ভূ-গর্ভস্থ পানির ব্যবহার, পরিবেশের সুরক্ষা ও লবণাক্ততা হ্রাসকল্পে নদী গবেষণা ইনস্টিটিউটে বিভিন্ন কার্যক্রম গ্রহণ করা যেতে পারে তা উক্ত সভায় পর্যালোচনা করা হয়।

**প্রমাণক (স্থিরচিত্র):**



**শিরোনাম:** পরিবেশবান্ধব (Environmental Friendly) অফিস কক্ষ

**বিবরণ:**

নদী গবেষণা ইনস্টিটিউট এর সভন একটি পরিবেশ বান্ধব ভবন। ভবনের বিভিন্ন কক্ষের দরজা জানালাসমূহ যথেষ্ট সুপরিসর এবং কাঁচ দ্বারা নির্মিত । অফিস কক্ষসমূহে বড় বড় জানালা থাকায় সহজে আলো ও বাতাস প্রবেশ করতে পারে। ফলে অহেতুক লাইট ও এসির ব্যবহার ন্যূনতম পর্যায়ে সীমাবদ্ধ রাখা যায়।

**প্রমাণক (স্থিরচিত্র):**






**শিরোনাম:** নগই'র লাইব্রেরি ও তথ্যকেন্দ্র

**বিবরণ:**

নদী গবেষণা ইনস্টিটিউট এর একটি লাইব্রেরি ও তথ্যকেন্দ্র আছে। এতে পানি সম্পদ উন্নয়ন ও নদী ব্যবস্থাপনায় বিভিন্ন অবকাঠামো নির্মাণে মৃত্তিকা, পলল, পানি ও নির্মাণ উপকরণ নমুনা সম্পর্কিত বিভিন্ন বই, রিপোট, জার্নালসহ মূল্যবান ডকুমেন্ট এর হার্ডকপি সংরক্ষিত রয়েছে। লাইব্রেরির তথ্যাদি ইন্টারনেটের মাধ্যমে যে কোন স্থানে পাঠানোর ব্যবস্থা রয়েছে। নদী গবেষণা ইনস্টিটিউট এর সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ের সমন্বয়ে গঠিত এই লাইব্রেরি দীর্ঘদিনের পুরনো, দূর্লভ, দুষ্প্রাপ্য মূল্যবান বিভিন্ন স্ট্যাডির প্রতিবেদন, জার্নাল ও বইয়ে সমৃদ্ধ এবং তা প্রতিনিয়ত হালনাগাদ করা হয়।

**প্রমাণক (স্থিরচিত্র):**



**শিরোনাম:** ক্লোজ সার্কিট ক্যামেরা পদ্ধতি প্রবর্তনের মাধ্যমে সার্বিক নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা।

**বিবরণ:**

নদী গবেষণা ইনস্টিটিউট পানি সম্পদের সার্বিক উন্নয়ন নিশ্চিতকল্পে নদী শাসন, নদী ভাংগন রোধ, বন্যা নিয়ন্ত্রণ, সেচ এবং পানি নিষ্কাশনের ক্ষেত্রে সমস্যাসমূহের লাগসই সমাধানে গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান হিসাবে ভূমিকা পালন করে আসছে। বিভিন্ন মডেলিং এর কাজে ব্যবহারযোগ্য যন্ত্রপাতি ও ইনস্ট্রুমেন্ট এবং অফিসে ব্যবহারযোগ্য মূল্যবান উপকরণাদিকে সার্বক্ষণিক নিরাপত্তা দেয়া বা সার্বক্ষণিক নজরদারির জন্য ক্লোজ সার্কিট ক্যামেরা বা সিসি ক্যামেরার প্রতি গুরুত্ব দিয়ে নগই ভবনের প্রবেশ পথ , প্রত্যেক বিল্ডিং এর প্রবেশ পথ এবং রাস্তার মধ্যে ক্লোজ সার্কিট ক্যামেরা স্থাপন করা হয়েছে। এতে করে ভবনের নিরাপত্তা নিশ্চিত করার পাশাপাশি ডিজিটাল মনিটরিং পদ্ধতি প্রবর্তন হয়েছে যাতে করে যদি কোন অবৈধ কার্যক্রম, চুরিডাকাতি হলে অপরাধীকে দ্রুত শনাক্ত করা যায়। সর্বপরি ডিজিটাল বাংলাদেশ গঠনে গুরুত্বপূর্ণভূমিকা পালন করবে।

**প্রমাণক (স্থিরচিত্র):**



**শিরোনাম:** নগই'র সকল কর্মকর্তা/কর্মচারীর হাজিরা ডিজিটাল ডিভাইসের মাধ্যমে গ্রহণ।

**বিবরণ:**

নদী গবেষণা ইনস্টিটিউট এ কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারীদের অফিসে যথাসময়ে আসা যাওয়া নিশ্চিত করণের লক্ষ্যে ডিজিটাল হাজিরা চালু রয়েছে। সকল কর্মকর্তা/কর্মচারীদের হাজিরা ডিজিটাল ডিভাইস থেকে সংগ্রহ করে বিভিন্ন রিপোর্ট এ প্রদান করা হচ্ছে। উক্ত কার্যক্রমের দ্বার ডিজিটাল বাংলাদেশ বিনির্মানে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে।

**প্রমাণক (স্থিরচিত্র):**




11.02.2021

প্রকৌঃ মোঃ মাসুদুজ্জামান
সহকারী প্রোগ্রামার
নদী গবেষণা ইনস্টিটিউট
ফরিদপুর।

১১/০২/২০২১

Eng. Md. Azizul Haque Podder
Principal Scientific Officer
River Research Institute
Faridpur.

Focal point officer